

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.১২.২০২৪. ২২৩


তারিখ: ২৭ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

### অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব শাহানাজ সুলতানা (২৫৯৯৮), প্রভাষক (উদ্ভিদবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত মোহাম্মদপুর সরকারি কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এর অনুকূলে মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ ১৩/০৬/২০২৩ তারিখ শেষ হওয়া সত্ত্বেও ১৪/০৬/২০২৩ তারিখ হতে ২১/১০/২০২৩ তারিখ পর্যন্ত ১৩০ (একশত ত্রিশ) দিন কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি কলেজ-৪ শাখা হতে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছি;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।



(সোলেমান খান)

সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

### বর্তমান কর্মস্থল:

জনাব শাহানাজ সুলতানা (২৫৯৯৮), প্রভাষক (উদ্ভিদবিদ্যা)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত মোহাম্মদপুর সরকারি কলেজ,  
মোহাম্মদপুর, ঢাকা।

### স্থায়ী ঠিকানা:

জনাব শাহানাজ সুলতানা  
পিতা: মো: মোশারফ হোসেন  
বাড়ী নং-৭২, গোমতী আবাসিক এলাকা, ডাকঘড়: দেবীদ্বার, থানা: দেবীদ্বার, জেলা: কুমিল্লা।

### অনুলিপি:


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



## অভিযোগবিবরণী

জনাব শাহানাজ সুলতানা (২৫৯৯৮), প্রভাষক (উদ্ভিদবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত মোহাম্মদপুর সরকারি কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এর অনুকূলে মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ ১৩/০৬/২০২৩ তারিখ শেষ হওয়া সত্ত্বেও ১৪/০৬/২০২৩ তারিখ হতে ২১/১০/২০২৩ তারিখ পর্যন্ত ১৩০ (একশত ত্রিশ) দিন কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি কলেজ-৪ শাখা হতে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়;

জনাব শাহানাজ সুলতানা (২৫৯৯৮), প্রভাষক (উদ্ভিদবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত মোহাম্মদপুর সরকারি কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
০৬/০৩/২৫  
(সোলেমান খান)  
সচিব